জনসংখ্যা ও অর্থনৈতিক উন্নয়ন : একটি দ্বিমুখী সম্পর্ক

জনসংখ্যা বৃদ্ধির ফলে কিভাবে অর্থনৈতিক উন্নয়ন প্রভাবিত হয় তা বোঝা যাক। ধরা হয় দেশের মাথাপিছু আয় বৃদ্ধি পেলেই অর্থনৈতিক উন্নতি ঘটে, মাথাপিছু আয় হল - জাতীয় আয় / জনসংখ্যা। অর্থাৎ মাথাপিছু আয় জনসংখ্যা বৃদ্ধি বা হ্রাসের উপর অথবা অপরিবর্তনের উপর ও নির্ভর করে। জনসংখ্যা বৃদ্ধির হার জাতীয় আয় বৃদ্ধির হারের সঙ্গে তুলনা করে অর্থনৈতিক উন্নয়নের হারের কথা বলা যায়, অর্থাৎ বলা যেতে পারে জনসংখ্যা বৃদ্ধির ফলে উৎপাদন করার জন্য হাতের সংখ্যা যেমন বৃদ্ধি পায় তেমনি উৎপাদন ভোগ করার জন্য মুখের সংখ্যাও বৃদ্ধি পায়, তাই বলা যেতে পারে জনসংখ্যা বৃদ্ধি অর্থনৈতিক উন্নয়নের উপর দু'ধরনের প্রভাব ফেলে। একটি হল অনুকূল প্রভাব এবং অপরটি হল প্রতিকূল প্রভাব।

অনুকূল প্রভাব :— জনসংখ্যা বৃদ্ধি দু রকম উপায়ে অর্থনৈতিক উন্নয়নের উপর প্রভাব সৃষ্টি করে।

প্রথমত, শ্রম উৎপাদনের একটি উপাদান, অধিক উৎপাদনের জন্য অধিক শ্রম নিয়োগ করতে হয়, আবার জনসংখ্যা বৃদ্ধি পেলে শ্রমের যোগান বৃদ্ধি পায়, যদি দেশে খুলবিল ও প্রাকৃতিক সম্পদের যোগান পর্যাপ্ত হয়, তবে বাড়তি জনসংখ্যা-কে সহজেই উৎপাদনের কাজে নিয়োগ করে অধিক উৎপাদন করা সম্ভব। বাড়তি জনসংখ্যা থাকলে শ্রমিক সুলভ হয়, সেই বাড়তি লাভ পুনরায় উৎপাদনের কাজে নিয়োগ করে দ্রুত হারে উন্নতি ঘটানো সম্ভব, বিপরীত পক্ষে কম জনসংখ্যার ফলে অর্থনৈতিক উন্নয়নের হার উল্টো হয়।

দ্বিতীয়ত, জনসংখ্যা বৃদ্ধি পেলে উৎপাদকদের উৎপন্ন দ্রব্য-সামগ্রীর বাজার বৃদ্ধি বা বিস্তৃত হয়, মানুষের সংখ্যা বাড়লে খাদ্য, পানীয়, বস্ত্র, পোশাক-পরিচ্ছদ, বাসস্থান প্রভৃতির চাহিদা বৃদ্ধি পায়। এই সমস্ত ভোগ্য পণ্য বা দ্রব্যসাম-

Pampa Sarkar.

contd - 18